

া সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১২১

১/ পবিত্রতা (ﷺ کتاب الطهارة عن رسول الله)
পরিচ্ছেদঃ অপবিত্র (জুনুবী) ব্যাক্তির সাথে মুসাফাহা করা।

باب مَا جَاءَ فِي مُصافَحَةِ الْجُنُبِ

আরবী

حَدَّتَنَا إِسْحَاقُ بْنُ مَنْصُورٍ، حَدَّتَنَا يَحْيَى بْنُ سَعِيدِ الْقَطَّانُ، حَدَّتَنَا حُمَيْدٌ الطَّويلُ، عَنْ الْبِي مُرَيْرَةَ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم بَكْرِ بْنِ عَبْدِ اللَّهِ الْمُزَنِيِّ، عَنْ أَبِي رَافِعٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم لَقِيَهُ وَهُوَ جُنُبٌ قَالَ فَانْبَجَسْتُ أَىْ فَانْخَنَسْتُ فَاغْتَسَلْتُ ثُمَّ جِئْتُ فَقَالَ " أَيْنَ كُنْتَ أَقْ لَقِيَهُ وَهُو جُنُبٌ قَالَ فَانْبَجَسْتُ أَىْ فَانْخَنَسْتُ فَاغْتَسَلْتُ ثُمَّ جِئْتُ فَقَالَ " أَيْنَ كُنْتَ أَقْ لَقِيَ الْبَابِ عَنْ أَيْنَ ذَهَبْتَ " . قُلْتُ إِنِّي كُنْتُ جُنُبًا . قَالَ " إِنَّ الْمُسْلِمَ لاَ يَنْجُسُ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ حُذَيْفَةَ وَابْنِ عَبَّاسٍ . قَالَ أَبُو عِيسَى وَحَدِيثُ أَبِي هُرَيْرَةَ أَنَّهُ لَقِيَ النَّبِيَّ صلى الله عليه وسلم وَهُوَ جُنُبٌ حَدِيثٌ حَسَنُ صَحِيحٌ . وَقَدْ رَخَصَ غَيْرُ وَاحِدٍ مِنْ أَهْلِ الْعِلْمِ فِي وسلم وَهُوَ جُنُبٌ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رَخَصَ غَيْرُ وَاحِدٍ مِنْ أَهْلِ الْعِلْمِ فِي مُصَافَحَةِ الْجُنُبِ وَلَمْ بِعَرَقِ الْجُنُبِ وَالْحَائِضِ بَأْسًا . وَمَعْنَى قَوْلِهِ فَانْخَنَسْتُ يَعْنِي مُصَافَحَةِ الْجُنُب وَلَمْ يَرُوْا بِعَرَقِ الْجُنُب وَالْحَائِضِ بَأْسًا . وَمَعْنَى قَوْلِهِ فَانْخَنَسْتُ يَعْنِي تَنْهُ .

বাংলা

১২১. ইসহাক ইবনু মানসুর (রহঃ) আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, একবার নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে তার সাক্ষাৎ হয়। তখন আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু ছিলেন অপবিত্র (জুনুবী) অবস্থান। তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে দেখে আমি চুপি চুপি সরে পড়লাম এবং গোসল করে পরে তাঁর কাছে আসলাম। তিনি বললেনঃ কোথায় ছিলে? কই গিয়েছিলে? আমি বললামঃ আমি অপবিত্র ছিলাম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ মু'মিন কখনও (এমন) অপবিত্র হয় না, (যে, তাকে স্পর্শ করা যাবে না)। - ইবনু মাজাহ ৫৩৪, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১২১ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে হুযায়ফা ও ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিযী বলেনঃ আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু এর এই হাদিসটি হাসান ও সহীহ। আলিমদের অনেকেই অপবিত্র ব্যক্তির সাথে মূসাফাহা করার অনুমতি দিয়েছেন ঋতুবতী মহিলা ও অপবিত্র ব্যক্তির ঘামে নাপাকজনিত কোনরূপ অসুবিধা নাই বলে তারা মনে করেন।



English

Abu Hurairah narrated that:

the Prophet met him while he was Junub. He said: "[So I slipped away from him - meaning:] I withdrew - to perform Ghusl. Then he returned, so he said: 'Where have you been?' Or: 'Where did you go?' I replied: 'I was Junub.' So he said: 'Indeed the believer is not defiled.'''

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন